200/Beng. SKBU/UG/1st Sem/Beng/RT101/21

# U.G. 1st Semester Examination - 2021

# BENGALI

## Course Code : BBNGCCRT101

## Course Title : প্রাক্-আধুনিক বাংলা সাহিত্য

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) 'চর্যাচর্যবিনিশ্চয়'—কথাটির অর্থ লেখো।

খ) চর্যাপদে উল্লেখিত দু'টি অন্ত্যজ শ্রেণির নাম বলো।

গ) এক-সংখ্যক চর্যাপদটি কার রচনা?

ঘ) চর্যাপদের সংস্কৃত টীকাকারের নাম কী?

ঙ) কে, কোথা থেকে/'শ্রীকৃষ্ণকীর্ত্তন'/ আবিষ্কার করেছিলেন?

চ) রাধা কোথাকার হাটে দুগ্ধ ও দুগ্ধজাত দ্রব্যাদি বিক্রয় করতে যেতেন?

ছ) 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' কত সালে প্রথম মুদ্রিত হয়?

জ) 'ধামালি' বলতে কী বোঝ?

ঝ) মালাধর বসুর উপাধি কী?

ঞ) বিদর্ভ নগরের রাজার নাম লেখো।

[পরের পাতায়]

ট) রুক্মিণী কার কাছে বর প্রার্থনা করেছিল?

ঠ) 'গৃহস্থের গৃহ চলে গৃহিণীর গুণে' — বক্তা কে?

ড) কোন্ রাজার রাজসভায় 'শিবসঙ্কীর্তন' কাব্যটি রচিত হয়েছিল?

ঢ) কোন্ মাসে শিব মাটিতে বীজ বপন করেন?

ণ) গৌরীকে বাগদিনী বেশ ধারণ করতে কে পরামর্শ দিয়েছিলেন?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) চর্যাপদ ও 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' — দুই গ্রন্থেই ব্যবহৃত হয়েছে এমন দুটি রাগিণীর নাম লেখো।

খ) চর্যাপদে ব্যবহৃত দু'টি প্রবাদ উল্লেখ করো।

গ) রাধা কেন বড়ায়িকে চড় মেরেছিলেন?

ঘ) রাধা কোন্ সময় মথুরার উদ্দেশ্যে যাত্রা করেছিলেন?

ঙ) কে কাঁচলি নির্মাণ করেন? ছদ্মবেশে শিব কী সৃষ্টি করেছিলেন?

চ) গৌরীর বাগদিনী বেশ কেমন ছিল?

ছ) শ্রীকৃষ্ণ দারুকের মাধ্যমে অর্জুনকে কী বার্তা দিয়েছিলেন?

জ) মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' কার সম্পাদনায় প্রথম মুদ্রিত হয়েছিল?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

ক) চর্যাপদে বাঙালিয়ানার যে পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে লেখো।

খ)　‘শ্রীকৃষ্ণকীর্ত্তন’ অবলম্বনে রাধা চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও।

গ)　‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্য পাঠের উপাদান সম্বন্ধে লেখক যা জানিয়েছেন তা নিজের ভাষায় লেখো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : 　　১×১০=১০

ক)　পাঠ্য পদগুলি অবলম্বনে চর্যাপদের সাহিত্যমূল্য বিচার করো।

খ)　‘শ্রীকৃষ্ণকীর্ত্তন’ কাব্যের তাম্বুল খণ্ডের উপযোগিতা সম্পর্কে আলোচনা করো।

গ)　‘শিবসঙ্কীর্তন’ কাব্যের ‘চাষপালা’র গুরুত্ব আলোচনা করো।

———————